দৈনিক বাংলা

তারিখ 05 DEC 1991
পৃষ্ঠা 6 কলাম 8

# ক্যাম্পাসে সন্ত্রাস রোধে ব্যবস্থা নেয়া হচ্ছেঃ স্বরাষ্ট্রমন্ত্রী

বিশেষ সংবাদদাতা ঃ স্বরাষ্ট্রমন্ত্রী আবদুল মতিন চৌধুরী বলেছেন যে চোরাকারবারের ফলে বিগত নয় বছরে দেশের অর্থনীতি ভেঙ্গে পড়েছে। যে কোন মূল্যে এই চোরাকারবার বন্ধ করা হবে।

মন্ত্রী গতকাল স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে সাংবাদিকদের সাথে আলাপ করছিলেন। তিনি বলেন বিগত ন' বছরের স্বৈরশাসন দেশে অনেক সমস্যার সৃষ্টি করেছে। বর্তমান সরকার তা দূর করার চেষ্টা করছে। কয়েক মাসের মধ্যেই তার সমাধান সম্ভব হবে।

তিনি বলেন, দেশের আইন শৃংখলা পরিস্থিতি ঠিক না থাকলে উন্নয়ন কর্মসূচী বাস্তবায়ন সম্ভব নয়। মন্ত্রী শিক্ষাঙ্গনের সন্ত্রাসের উল্লেখ করে বলেন দু'ভাবে এর মোকাবিলা করা হবে। রাজনৈতিকভাবে এবং প্রশাসনিক পদক্ষেপ গ্রহণের মাধ্যমে এর সমাধান করা হবে। ইতিমধ্যেই সরকার বেশ কিছু পদক্ষেপ নিয়েছে। যার ফলে পরিস্থিতির অনেকটা উন্নতি সাধিত হয়েছে। চোরাচালান দমন প্রসঙ্গে তিনি বলেন ব্যবসায়ী সম্প্রদায়ের সাথে এ ব্যাপারে তার বিস্তারিত আলাপ হয়েছে। তিনি তাদের অনুরোধে চোরাকারবার বিরোধী অভিযান ১৫ দিন পিছিয়ে দিয়েছেন। তিনি বলেন ব্যবসায়ীদের তিনি আশ্বাস দিয়েছেন, পুলিশ বিডিআর বা শুল্ক বিভাগের কোন লোক তাদের দোকানে যাবে না। সঠিক সময় সীমা উত্তীর্ণ হওয়ার পর যখন তল্লাশী হবে তখণ ব্যবসায়ীদের সঙ্গে নিয়েই এই তল্লাশী চালান হবে। তখন চোরাচালানী দ্রব্যাদি পাওয়া গেলে কাউকে রেহাই দেয়া হবে না।

মন্ত্রী গণতান্ত্রিক সরকারকে শান্তি শৃংখলা বজায় রাখার ব্যাপারে সকল মহলের সাহায্য কামনা করেন।